

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, নারায়ণগঞ্জ
(এস,এ শাখা)
www.narayanganj.gov.bd

স্মারক নং- ০৫.৪১.৬৭০০.৩০১.০৯.১২৯.১৭-১৬২৯

তারিখ : ০৩/১২/২০১৭ খ্রি.

নিয়োগ বিজ্ঞপ্তি

ভূমি মন্ত্রণালয়, অধিশাখা-২ (মাঠ প্রশাসন) এর গত ২৯/১১/২০১৭ খ্রি. তারিখের ৩১.০০.০০০০.০৪৬.১১.০৪৯.১৪. ৮২৮ নম্বর স্মারকে প্রেরিত ছাড়পত্রের প্রেক্ষিতে জেলা প্রশাসকের কার্যালয়, নারায়ণগঞ্জ ও এর আওতাধীন রাজস্ব প্রশাসনের নিম্নবর্ণিত শূন্য পদে অস্থায়ী ভিত্তিতে জনবল নিয়োগের জন্য নারায়ণগঞ্জ জেলার স্থায়ী বাসিন্দাদের নিকট হতে নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে নির্ধারিত ফরমে স্বহস্তে পূরণকৃত দরখাস্ত আহবান করা যাচ্ছে।

ক্রঃ নং	পদের নাম	বেতন স্কেল	পদ সংখ্যা	শিক্ষাগত ও অন্যান্য যোগ্যতা
০১	অফিস সহায়ক	৮২৫০-২০০১০/-	০২ (দুই) টি	অষ্টম শ্রেণী
০২	নিরাপত্তা প্রহরী (এস, এ শাখা/ এল, এ শাখা)	৮২৫০-২০০১০/-	০২ (দুই) টি	অষ্টম শ্রেণী

শর্তাবলী :

- প্রার্থীকে অবশ্যই বাংলাদেশের স্থায়ী নাগরিক ও নারায়ণগঞ্জ জেলার স্থায়ী বাসিন্দা হতে হবে।
- এ বিজ্ঞপ্তি ও আবেদনপত্রের ফরম জেলা প্রশাসকের কার্যালয়, নারায়ণগঞ্জ এর ওয়েবসাইট www.narayanganj.gov.bd ও এ কার্যালয়ের রাজস্ব শাখা হতে সংগ্রহ করা যাবে।
- জেলা প্রশাসক, নারায়ণগঞ্জ বরাবর আবেদন করতে হবে।
- আবেদনপত্রের সাথে নিম্নোক্ত কাগজপত্রাদি সংযুক্ত করতে হবে।
 - প্রার্থীর সাম্প্রতিক পাসপোর্ট সাইজের ০৩ (তিন) কপি রঙ্গিন ছবি (প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত)।
 - সংশ্লিষ্ট সিটি কর্পোরেশন/পৌরসভা/ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/ক্ষমতাপ্রাপ্ত ব্যক্তি/প্রথম শ্রেণীর কর্মকর্তা কর্তৃক সত্যায়িত নাগরিকত্ব সনদ।
 - সকল শিক্ষাগত যোগ্যতা ও অন্যান্য সনদের ফটোকপি (প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত হতে হবে)।
 - প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদের মূল কপি।
 - মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যা এবং পুত্র-কন্যার পুত্র কন্যা হিসেবে মুক্তিযোদ্ধা কোটায় আবেদনের ক্ষেত্রে আবেদনের স্বপক্ষে প্রমাণের জন্য চাকরি প্রার্থীকে সর্বশেষ সরকারী সার্কুলার অনুযায়ী উপর্যুক্ত কর্তৃপক্ষ কর্তৃক স্বাক্ষরিত/প্রতিস্বাক্ষরিত সনদের সত্যায়িত ফটোকপি আবেদনপত্রের সাথে সংযুক্ত করতে হবে।
 - প্রার্থীর সাথে মুক্তিযোদ্ধার সম্পর্ক উল্লেখপূর্বক ১ম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা/ওয়ার্ড কাউন্সিলর/পৌরসভা মেয়র/ইউপি চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত প্রত্যয়নপত্রের সত্যায়িত অনুলিপি আবেদনপত্রের সাথে দাখিল করতে হবে।
 - প্রার্থীকে পরীক্ষা ফি বাবদ হিসাব কোড নং ১-৪৬৩২-০০০১-২০৩১ খাতে ট্রেজারী চালানোর মাধ্যমে ৫০/- (পঞ্চাশ) টাকা জমা দিয়ে চালানোর মূলকপি আবেদনের সাথে সংযুক্ত করতে হবে।
 - নির্ভুল ঠিকানায় প্রবেশপত্র ইস্যুর স্বার্থে আবেদনপত্রের সাথে পদের নাম, নিজের নাম ও ঠিকানা লিখিত ০৬/- (ছয়) টাকার ডাক টিকেট লাগানো ১০.৫ ইঞ্চি X ৪.৫ ইঞ্চি সাইজের একটি খাম সংযুক্ত করতে হবে।
- প্রার্থীর বয়স ০৩.১২.২০১৭ খ্রি. তারিখে ১৮ হতে ৩০ বছর এবং (মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যা) ১৮-৩২ বছরের মধ্যে হতে হবে। বয়সের ক্ষেত্রে কোন প্রকার এফিডেভিট গ্রহণযোগ্য নয়।
- আবেদনপত্র আগামী ০৩.০১.২০১৮ খ্রি. তারিখের মধ্যে অফিস চলাকালীন সময়ে রেজিষ্টার ডাকযোগে পৌছাতে হবে। অসম্পূর্ণ, ত্রুটিপূর্ণ, স্বাক্ষরবিহীন এবং বিলম্বে প্রাপ্ত আবেদনসমূহ বাতিল বলে গণ্য হবে। এ বিষয়ে কোন আপত্তি গ্রহণযোগ্য হবে না। সরাসরি এ কার্যালয়ে কোনো আবেদনপত্র গ্রহণ করা হবে না।
- খামের উপরে পদের নাম উল্লেখ করতে হবে।
- বিবাহিত মহিলা প্রার্থীর ক্ষেত্রে স্বামীর স্থায়ী ঠিকানা উল্লেখ করতে হবে।
- চাকরিরত প্রার্থীদের অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে নির্ধারিত সময়ের মধ্যে আবেদন করতে হবে। এ ক্ষেত্রে আবেদনপত্রের কোন অগ্রিম কপি গ্রহণযোগ্য হবে না।
- কর্তৃপক্ষ সরকারি বিধিবিধানের সাথে সাংঘর্ষিক নয় এমনভাবে কোন শর্ত পরিবর্তন বা অতিরিক্ত শর্ত সংযোজন করতে পারবেন। কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকেই নিয়োগ বিজ্ঞপ্তি আংশিক বা সম্পূর্ণ বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।
- কোন তথ্য গোপন করে বা ভুল তথ্য প্রদান করে চাকরিতে নিয়োগপ্রাপ্ত হলে সংশ্লিষ্ট প্রার্থীর নিয়োগ আদেশ বাতিল করে তার বিরুদ্ধে কঠোর আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।
- মৌখিক পরীক্ষার সময় প্রার্থীকে অবশ্যই সকল সনদের মূলকপি প্রদর্শন করতে হবে।
- ছবি ও সনদপত্রাদি সত্যায়নের ক্ষেত্রে প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তার নামযুক্ত সীল ব্যবহার করতে হবে।
- নির্বাচনী পরীক্ষায় অংশগ্রহণের জন্য প্রার্থীকে কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

(রাব্বী মিয়া)

জেলা প্রশাসক

নারায়ণগঞ্জ

ফোন ৪ + ৮৮০২৭৬৪৬৪৪

E-mail: dnarayanganj@mopa.gov.bd

৩/১২/১৭